

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ বাস্তবায়নের লক্ষ্যে ৩য় প্রান্তিকের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : কাজী এনামুল হাসান এনজিপি, মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।
সভার তারিখ : ২৯ জানুয়ারি, ২০২৫।
সময় : সকাল ১০.০০ টা।
সভার স্থান : বোর্ডের সভা কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, উক্ত সভা জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর ৩য় প্রান্তিকের সভা। অতঃপর নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১.	নৈতিকতা কমিটির সভা আয়োজন	সভায় পরিচালক (প্রশাসন) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত 'দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২০২৫ অনুসারে নৈতিকতা কমিটির কার্যপরিধির আলোকে সভার আলোচ্যসূচি নির্ধারণপূর্বক এজেন্ডাভুক্ত করে প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই সভা আয়োজন করা। নৈতিকতা কমিটির ১ম প্রান্তিকের সভা ২৯/০৭/২৪ তারিখ, ২য় প্রান্তিকের সভা ২৮/১০/২৪ এবং ৩য় প্রান্তিকের সভা ২৯/০১/২৫ তারিখ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা হয়েছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই ৪র্থ প্রান্তিকের নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও বিভাগীয় পরিচালক (সকল)
২.	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। নৈতিকতা কমিটির ২য় প্রান্তিকের সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করা হয়েছে। নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রমাণক হিসেবে দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়।	নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করতে হবে	উপপরিচালক (প্রশাসন)
৩.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ১ম প্রান্তিকের সভা বিভাগীয় কার্যালয় সিলেটে বড় পরিসরে অংশীজনের অংশগ্রহণে ১০/০৯/২৪ তারিখ আয়োজন করা হয়েছে ও ২য় প্রান্তিকের সভা ২৮/১১/২৪ তারিখ আয়োজন করা হয়েছে এবং সভার রেকর্ড নোটস লিপিবদ্ধ করা হয়েছে। বিভাগীয় কার্যালয়ের ক্ষেত্রে অংশীজনের অংশগ্রহণে ১ম ও ২য় প্রান্তিকের সভা আয়োজন করা হয়েছে। এ সভায় সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করা হয়েছে।	১) ২০২৪-২৫ অর্থবছরে বিভাগীয় পর্যায়ে বড় পরিসরে অংশীজনের অংশগ্রহণে ১টি সভা আয়োজন করতে হবে; ২) অংশীজনের অংশগ্রহণে সভার রেকর্ড নোটস লিপিবদ্ধকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুসরণ করতে হবে; ৩) প্রমাণক হিসেবে রেকর্ড নোটস ও হাজিরা দাখিল করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও বিভাগীয় পরিচালক (সকল)
৪.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। কর্মকর্তা কর্মচারীর সংখ্যার উপর নির্ভর করবে কতটি ব্যাচে প্রশিক্ষণ আয়োজন করা হবে। প্রশিক্ষণ আয়োজনসহ শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত সকল ব্যয় নির্বাহের জন্য কোড নম্বর	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত ৩য় প্রান্তিকে ১টি প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করতে	পরিচালক (প্রশাসন) ও বিভাগীয় পরিচালক

নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
		৩২৫৭১০৬ এ বরাদ্দ নিতে হবে। এ সংক্রান্ত ১টি প্রশিক্ষণ ১২/০৯/২৪ তারিখ আয়োজন করা হয়েছে।	হবে।	(সকল)
৫.	কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএভইডুজ অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)	২০২৪-২৫ অর্থবছরে প্রত্যেক দপ্তর/সংস্থা কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমপক্ষে ২টি কার্যক্রম গ্রহণ করবে। সে অনুযায়ী প্রধান কার্যালয়ে নথি বিনষ্টকরণ ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কর্ম-পরিবেশ উন্নয়নে ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী গ্রহণ করা হয়েছে। বিভাগীয় কার্যালয়সমূহের প্রতিবেদন প্রেরণের সময় নির্বাচিত ২টি কার্যক্রমের নাম এবং এককের ভিত্তিতে কার্যক্রম বাস্তবায়নের প্রতিবেদন প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	কর্ম-পরিবেশ উন্নয়নে লক্ষ্যমাত্রা অনুযায়ী নথিপত্র বিনষ্টকরণের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন/ উন্নয়ন) ও বিভাগীয় পরিচালক (সকল)
৬.	আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী দপ্তর/ সংস্থাসমূহের আওতাধীন মাঠপর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করতে হবে। বোর্ডের আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক দাখিলকৃত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর প্রধান কার্যালয়ে ফিডব্যাক সভা আয়োজন করা হয়। বোর্ডের আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক দাখিলকৃত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর প্রধান কার্যালয়ে ফিডব্যাক সভা লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৮/১০/২৪ ও ২৯/০১/২৫ তারিখ আয়োজন করা হয়।	(১) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রধান কার্যালয় কর্তৃক ৩০/০৪/২৫ তারিখ এর মধ্যে পরবর্তী ফিডব্যাক সভা আয়োজনের মাধ্যমে ফিডব্যাক প্রদান করতে হবে। (২) বিভাগীয় কার্যালয়সমূহ প্রতিটি প্রাপ্তিকের সকল প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।	উপপরিচালক (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট
৭.	অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন	নির্দেশিকা অনুযায়ী ক্রয় পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর তফসিল ৫ এ বর্ণিত ফর্ম অনুসরণ করতে হবে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে উক্ত নির্দেশনা অনুসরণ করে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে ৩১/০৭/২৪ তারিখ প্রকাশ করা হয়েছে। ২য় প্রান্তিকে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ৩৪% বাস্তবায়ন হয়েছে।	অভ্যন্তরীণ ক্রয়ের ক্ষেত্রে পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও বিভাগীয় পরিচালকগণ
৮.	বাজেট বাস্তবায়ন	শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫ অনুযায়ী লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়ন করতে পারলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বোর্ডের প্রধান কার্যালয়ের ১ম প্রান্তিকে বাজেট বাস্তবায়ন ২৪.১৮ ও ২য় প্রান্তিকে ৩৫.৮৫% সম্পন্ন হয়েছে। উল্লেখ্য	১) লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়ন করতে হবে। ২) iBAS++ প্রতিবেদন প্রমাণক হিসাবে দাখিল	পরিচালক (প্রশাসন) ও বিভাগীয় পরিচালকগণ

নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
		iBAS++ প্রতিবেদন প্রমাণক হিসাবে দাখিল করতে হবে।	করতে হবে।	
৯.	কল্যাণ অনুদানের রিকনসাইল প্রক্রিয়া সফটওয়্যারের মাধ্যমে চালুকরণ	শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক ৩টি কার্যক্রম গ্রহণের নির্দেশনার প্রেক্ষিতে গৃহীত ১ম কার্যক্রমটি হলো কল্যাণ অনুদানের রিকনসাইল প্রক্রিয়া সফটওয়্যারের মাধ্যমে চালুকরণ। লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময় মধ্যে রিকনসাইল প্রক্রিয়া সফটওয়্যারের মাধ্যমে চালু করার বিষয়ে আলোচনা করা হয়।	লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কল্যাণ অনুদানের রিকনসাইল প্রক্রিয়া সফটওয়্যারের মাধ্যমে চালু করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট
১০.	অনুদান মঞ্জুরির বিষয়টি সেবাপ্রার্থীদেরকে SMS এর মাধ্যমে অবহিতকরণ	শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক ৩টি কার্যক্রমের মধ্যে ২য় কার্যক্রমটি হলো অনুদান মঞ্জুরির বিষয়টি সেবাপ্রার্থীদেরকে SMS এর মাধ্যমে অবহিতকরণ। লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম ও ২য় প্রান্তিকে ১০০% অর্জন করা হয়েছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় প্রান্তিকে ১০০% অর্জন করতে হবে।	
১১.	বোর্ডের সেবা কার্যক্রম জাতীয় গণমাধ্যমে প্রচার	শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক ৩টি কার্যক্রমের মধ্যে ৩য় কার্যক্রমটি বোর্ডের সেবা কার্যক্রম জাতীয় গণমাধ্যমে প্রচার। ১ম প্রান্তিকে এ সম্পর্কিত একটি কমিটি গঠন করা হয় এবং ২য় প্রান্তিকে দৈনিক যুগান্তর ও The Financial Express পত্রিকায় ২৩/১২/২০২৪ তারিখ বোর্ডের কার্যক্রমসমূহ বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হয়েছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী বোর্ডের সেবা কার্যক্রম জাতীয় গণমাধ্যমে প্রচারের আরো একটি কার্যক্রম করতে হবে;	পরিচালক (উন্নয়ন) ও বিভাগীয় পরিচালক (সকল)
১২.	সাধারণ চিকিৎসা অনুদানের আবেদনের ত্রুটি/আপত্তিসমূহ পত্রের মাধ্যমে কর্মচারী ও সংশ্লিষ্ট দপ্তরকে অবহিতকরণ	সাধারণ চিকিৎসা অনুদানের আবেদনের ত্রুটি/আপত্তিসমূহ পত্রের মাধ্যমে কর্মচারী ও সংশ্লিষ্ট দপ্তরকে অবহিতকরণ কার্যক্রমটি ১ম ও ২য় প্রান্তিকে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% অর্জন করা হয়েছে।	১) লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% অর্জন করতে হবে। ২) উল্লিখিত সেবাবস্ত্র নিয়মিত হালনাগাদ করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট
১৩.	স্টাফবাস সার্ভিস কর্মসূচিতে এসি বাস চালুকরণ	যে সকল দপ্তর/ সংস্থার ২০২৪-২৫ অর্থবছরে প্রকল্পের সম্পদ হস্তান্তরের বিষয় থাকবে না তাদেরকে শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক ১টি কার্যক্রম গ্রহণের নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে স্টাফবাস সার্ভিস কর্মসূচিতে এসি বাস চালুকরণ কার্যক্রমটি গ্রহণ করা হয়েছে এবং কার্যক্রমটি চলমান রয়েছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে স্টাফবাস সার্ভিস কর্মসূচিতে এসি বাস চালু করতে হবে।	পরিচালক (উন্নয়ন)

উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(কাজী এনামুল হাসান এনডিসি)
মহাপরিচালক (সচিব)

নম্বর: নম্বর: ০৫.৮১.০০০০.০০৭.১৬.০১১.২২-৭৫


তারিখ: ২২ মাঘ, ১৪৩১
০৫ ফেব্রুয়ারি, ২০২৫

বিভরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।
৩. উপসচিব, শৃঙ্খলা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪. পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৫. উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. উপপরিচালক (অর্থ ও বাজেট), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. সহকারী পরিচালক (প্রশাসন/কর্মসূচি/কল্যাণ/চিকিৎসা সেবা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, (কল্যাণ তহবিল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. সহকারী প্রোগ্রামার (সকল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. অফিস কপি/ওয়েবসাইট।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. মহাপরিচালক (সচিব) এর একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।


(নুসরাত আইরিন)
পরিচালক (প্রশাসন)